



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF) ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)
Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.
Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ১৪ জানুয়ারি ২০২৩

প্রেস বিজ্ঞপ্তি

আগামীকাল রবিবার (১৫ জানুয়ারি) খাগড়াছড়ি জেলায় আধাবেলা সড়ক অবরোধ সফল করার আহ্বান

ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর খাগড়াছড়ি ইউনিটের সংগঠক অংগ্য মারমা আজ ১৪ জানুয়ারি ২০২৩, শনিবার সংবাদ মাধ্যমে দেয়া এক বিবৃতিতে আগামীকাল রবিবার (১৫ জানুয়ারি ২০২৩) খাগড়াছড়ি জেলায় ডাকা আধাবেলা (সকাল ৬টা থেকে দুপুর ১২টা পর্যন্ত) সড়ক অবরোধ কর্মসূচি সফল করার আহ্বান জানিয়েছেন।

জাতীয় মানবাধিকার কমিশনের পার্বত্য চট্টগ্রাম সফর উপলক্ষে 'রাষ্ট্রীয় মদদপুষ্টি ঠ্যাঙারে বাহিনীর সন্ত্রাসসহ মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবিতে' গতকাল (শুক্রবার) খাগড়াছড়ি জেলা সদরে আয়োজিত বিক্ষোভ সমাবেশে থেকে উক্ত সড়ক অবরোধ কর্মসূচি ঘোষণা করা হয়।

বিবৃতিতে অংগ্য মারমা আগামীকালের আধাবেলা সড়ক অবরোধ কর্মসূচি সফল করতে জেলার সকল যানবাহন মালিক ও শ্রমিক সংগঠনসহ সর্বস্তরের জনসাধারণের প্রতি সর্নির্ভক অনুরোধ জানিয়েছেন।

অবরোধ চলাকালে জরুরী ফায়ার সার্ভিস, এ্যাম্বুলেন্স ও শববাহী গাড়ি, জরুরী ঔষধ সরবরাহকারী ও সংবাদপত্র বহনকারী যান, সংবাদ সংগ্রহের কাজে ব্যবহৃত সাংবাদিকদের গাড়ি এই অবরোধের আওতামুক্ত থাকবে বলে তিনি বিবৃতিতে উল্লেখ করেন।

অংগ্য মারমা পার্বত্য চট্টগ্রামে রাষ্ট্রীয় মদদপুষ্টি ঠ্যাঙারে বাহিনীর সন্ত্রাসসহ অন্যায় দমন-পীড়ন ও মানবাধিকার লঙ্ঘন বন্ধের দাবিতে সবাইকে ঐক্যবদ্ধ ও সোচ্চার হওয়ার আহ্বান জানান।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ

ইউনাইটেড পিপলস ডেমোক্র্যাটিক ফ্রন্ট (ইউপিডিএফ)